"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটির" ১১/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী রওশন আক্তার<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১১/০২/২০২০ খ্রি:। |
| সময় | : | দুপুর ১২:৪৫ ঘটিকা। |
| স্থান | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ক) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point উপসচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। সভাপতি মহোদয় যথাসময়ে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে কাজ সম্পন্ন করত: বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পর পরই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন। | মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করত: ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে NIS Focal Point এর নিকট দাখিল করবেন। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br><br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br><br>*মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br><br>*উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), মশিবিম |
| (খ) | বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা কর্তৃক গণশুনানীর আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গণশুনানীতে সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাগণ উপস্থিত থাকতে পারেন। এতে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। | সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি অবহিতকরণ এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমি সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে গণশুনানীর আয়োজন করবে এবং কতটি গণশুনানী অনুষ্ঠিত হয়েছে তার প্রমাণকসমূহ মন্ত্রণালয়ে দাখিল | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br><br>* নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br><br>* মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (গ) | উপসচিব (প্রশাসন-১) জনাব মোহাম্মদ ইয়ামিন খান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের উত্তম চর্চা (Best Practices)'তালিকার তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়িতব্য কাযর্ক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। | ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/২০২০)- এ বাস্তবায়িতব্য নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।<br>(ক) বয়োজ্যেষ্ঠ নাগরিক, নারীদের যথাযোগ্য সম্মান প্রদর্শণ এবং শিশুদের প্রতি স্নেহসুলভ আচরণ করা;<br>(খ) মাঠ পর্যায়ের কর্মকর্তা নিজ অফিস ব্যতীত অন্য কোন অফিস/সভায় যাওয়ার সিডিউল থাকলে তার কার্যালয়ের web site-এর Notice Board-এ বিষয়টি আপলোড দেয়ার পর অফিস ত্যাগ করা; | * ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>* মহাপরিচালক, মবিঅ<br>* নির্বাহী পরিচালক, জামস<br>* মহাপরিচালক, বাশিএ<br>* উপসচিব (প্রশাসন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| (ঘ) | বিবিধ বিষয়: জাতীয় শুদ্ধাচারকৌশল কর্মপরিকল্পনা২০১৯-২০ এর ৯নং ক্রমিকে বর্নিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের অংশ হিসেবে দুর্নীতি প্রতিরোধে কর্মশালা ও গণশুনানীর আয়োজন এবং দুর্নীতি সম্পর্কিত পোস্টার/লিফলেট তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহনের বিষয়ে NIS Focal Point সভাকে অবহিত করেন। | দুর্নীতি প্রতিরোধে কর্মশালা ও গণশুনানীর আয়োজন এবং দুর্নীতি সম্পর্কিত পোস্টার/লিফলেট তৈরি ও বিলি করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | * ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>* মহাপরিচালক, মবিঅ<br>* নির্বাহী পরিচালক, জামস<br>* মহাপরিচালক, বাশিএ<br>*উপসচিব (প্রশাসন-১) ও জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, মশিবিম।<br>*সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২০২০
(কাজী রওশন আক্তার)
সচিব